

Publication & Date: SAKALBELA (31-03-2011)

Page Number: 12

Head Line: Bypass - in 1 hour ^{at} in Medica

১২ • সকালবেলা • ৩১ মার্চ, ২০১১

১ লাখে বাইপাস মেডিকা-য়

ঈশানদেব চট্টোপাধ্যায়

কলকাতার চিকিৎসা জগতে মেডিকা সুপারস্পেশ্যালিটি হাসপাতাল এখন বেশ পরিচিত নাম। শুধু কলকাতাই বা বলি কেন, পশ্চিমবঙ্গের গণ্ডি ছাড়িয়ে গোটা পূর্ব ভারতেই এখন কম খরচে উচ্চগুণমানসম্পন্ন চিকিৎসা পরিষেবা দেওয়ার জন্য মেডিকার বেশ খ্যাতি ছড়িয়েছে। ইএম বাইপাস থেকে যে রাস্তাটা নেমে গেল মুকুন্দপুরের দিকে, সেই রাস্তা ধরে একটুখানি এগলেই বাঁদিকে চোখে পড়বে বিশাল বা-চকচকে এই অত্যাধুনিক হাসপাতালটি। ৫০০ শয্যার এই হাসপাতাল কলকাতার হাতে গোনা সুপারস্পেশ্যালিটি হাসপাতালগুলির একটি।

হাসপাতালের পরিবেশকে প্রাকৃতিক উপায়ে স্বাস্থ্যকর রাখতে বিশেষভাবে তৈরি করা হয়েছে এর কাঠামো। হাসপাতালের অন্তত ৩৫ শতাংশ এলাকা কংক্রিটের বদলে কাঁচ দিয়ে এমনভাবে ঘেরা হয়েছে যে, অফুরন্ত রোদ খেলা করে হাসপাতালের এক বিরাট অংশে। শরীরের প্রায় সব জটিল রোগের চিকিৎসার জন্যই আলাদা আলাদা বিভাগ রয়েছে মেডিকায়। কার্ডিওলজি বা হার্টের সমস্যা, কিডনির সমস্যা, অর্থোপেডিক (অস্থি), গ্যাসট্রোএন্টেরোলজি ও গ্যাসট্রো ইনটেস্টাইনাল সার্জারি, গাইনিকোলজি (স্ত্রীরোগ), এন্ডোক্রিনোলজি ও ডায়াবেটোলজি, ফিজিক্যাল থেরাপি এবং রিহাবিলিটেশন, জেনারেল/ইন্টারনাল মেডিসিন, ব্যারিয়ারিক সার্জারি, অঙ্কো-মেডিসিন, প্লাস্টিক সার্জারি, পেডিয়াট্রিকস (শিশুরোগ), সাইকিয়াট্রি (মনরোগ) ইত্যাদি বিভিন্ন বিভাগ রয়েছে মেডিকা সুপারস্পেশ্যালিটি হাসপাতালে। দুর্ঘটনাজনিত অসুস্থতা বা অন্য যে কোনও ধরনের আপেক্ষালীন বিষয়ের জন্যও রয়েছে বিশেষ বিভাগ। মেডিকাতে আপেক্ষালীন বা ইমার্জেন্সি রোগীদের ভর্তি করাতে হলে আগে থেকে বিপুল অঙ্কের

টাকা জমা নেওয়ার রীতি নেই। মেডিকাতে রয়েছে অত্যাধুনিক প্যাথলজি বিভাগ এবং ল্যাবরেটরি পরিষেবা। মেডিকার আর একটি বিশেষত্ব হল, এখানে প্রতি একজন রোগী পিছু একজন করে নার্স থাকেন। প্রতি পাঁচজন রোগী পিছু থাকেন একজন চিকিৎসক।

কম খরচে কার্ডিওলজিক্যাল প্রবলেম বা হার্টের সমস্যার সুরাহা করতে মেডিকার জুড়ি নেই। শুধু এই বিভাগের জন্যই রয়েছেন ১২ জন বিশেষজ্ঞ চিকিৎসক। তাই ২৪ ঘণ্টাই আপেক্ষালীন পরিস্থিতি সামাল দেবার জন্য বিশেষজ্ঞদের পাওয়া যায় এই হাসপাতালে। কার্ডিওলজি বিভাগে যারা রয়েছেন, তাঁরা হলেন ডা. দিলীপ কুমার, ডা. জে নাইক, ডা. সঞ্জীব গর্গ, ডা. সৌমিক বসু, ডা. সুনন্দন শিকদার, ডা. ধৃতরত দাস, ডা. রতন কুমার দাস, ডা. রমেশ শেখারি, ডা. অসীমা ভেলোতকার, ডা. রাধেশ্যাম আগরওয়াল, ডা. অরুন্ধতী দাস, ডা. এ. মণ্ডল। মেডিকার কার্ডিওলজি বিভাগে ইলেক্ট্রোফিজিওলজির ব্যবস্থাও রয়েছে যা কলকাতায় বিরল বললেই চলে। হার্টের চিকিৎসার খরচও এই হাসপাতালে বেশ কম।

মেডিকাতে ডায়ালিসিসের খরচও বেশ কম। কী ধরনের ডায়ালিসিস করা হচ্ছে, তার উপরেই নির্ভর করে খরচ। অত্যাধুনিক নিউম্যাটিকশুটস ব্যবস্থা রয়েছে। বিভিন্ন শারীরিক পরীক্ষা নিরীক্ষার জন্য রক্ত সহ অন্যান্য সব নমুনা সংগ্রহ করা হয়। এই ব্যবস্থার সাহায্যে হাসপাতালের বহির্বিভাগ থেকে সেই সব নমুনা খুব দ্রুত স্বয়ংক্রিয় পদ্ধতির মাধ্যমে ল্যাবে পৌঁছে যায়। মেডিকা সুপার স্পেশ্যালিটি হাসপাতালের মুকুটে আরও একটি পালক জুড়েছে এয়ার অ্যাম্বুলেন্স পরিষেবা।

ফোন: ০৩৩-৬৪৬০ ৪২৬০/৪২৬২/২৪২৬/৪২৬৭

সিঙ্গল চেম্বার পেস মেকার ৬৫ হাজার টাকা।

অ্যাঞ্জিওপ্লাস্টিক ৪৪ হাজার টাকা। বাইপাস সার্জারি ১ লক্ষ টাকা।

ভাটিকুলার ট্যাকিকার্ডিয়া এবলেশন ৩০ হাজার টাকা।

কার্ডিয়াক রিসিনক্রোনাইজেশন থেরাপি ৪ লক্ষ ৫০ হাজার টাকা।

ডায়ালিসিস অনলাইন এইচডিএফ (সিঙ্গল ইউজ) ২,৫০০ টাকা।

ডায়ালিসিস হাই উইথ বাইব্যাগ ১,৫০০ টাকা।

ডায়ালিসিস লো ফ্লাক্স (স্ট্যাভার্ড) ৮৫০ টাকা।